ভোরের কাগজ

পৃষ্ঠা … কলাম …

… 11 2002

# জাতীয় টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতায় সূর্যসেন হল চ্যাম্পিয়ন

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ১৬তম জাতীয় টেলিভিশন বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয় সূর্যসেন হল চ্যাম্পিয়ন হয়েছে।

শুক্রবার রামপুরা টেলিভিশন ভবনে মিলানায়তনে অনুষ্ঠিত বিতর্ক প্রতিযোগিতায় সূর্যসেন হল রোকেয়া হলকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। ডিবেট ফর ডেমোক্রেসির আহ্বায়ক হাসান আহমেদ কিরণের নির্দেশনায় অনুষ্ঠিত বিতর্কের বিষয় ছিল 'আগামী দিনের প্রাচ্য ও পাশ্চাত্যের সংস্কৃতি অভিন্ন হবে।'

অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরীর পরিচালনায় উক্ত চূড়ান্ত প্রতিযোগিতায় বিচারক হিসেবে উপস্থিত ছিলেন, অধ্যাপক আইনুন নিশাত, অধ্যাপক মোস্তাফিজুর রহমান, ড. এ এস এম আতিকুর রহমান, ড. রেজওয়ান সিদ্দিকী, অধ্যাপক নূরুল আমিন বেপারী, আমির খসরু এবং অনামিকা হক লিলি।

এদিকে আগামী ১৫ নভেম্বর 'সবকটা জানালা খুলে দাও না' বিষয়ের ওপর বারোয়ারি বিতর্ক রামপুরা টেলিভিশন ভবনে অনুষ্ঠিত হবে। আগামী ১৪ নভেম্বরের মধ্যে বারোয়ারি বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের যোগ্যতা অর্জনকারী তার্কিকদের প্রতিযোগিতায় অংশগ্রহণের নিশ্চয়তাপত্র টেলিভিশন কর্তৃপক্ষের কাছে প্রেরণের অনুরোধ জানানো হয়েছে।